

জাককানইবি প্রতিনিধি ২৭ ফেব্রুয়ারি ২০১৯, ১৫:৫৮

নজরুল বিশ্ববিদ্যালয়ে সিপিজের স্টোরি রাইটিং কর্মশালা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের (জাককানইবি) শিক্ষার্থীদের নিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের (সিপিজে) ছবি আঁকা, গল্প লেখা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

ইউএন ওমেন এর ‘এমপাওয়ার্ড ওমেন, পিসফুল কমিউনিটিস’ প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ কর্মসূচিতে জাককানইবির ২৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

মঙ্গলবার (২৬ ফেব্রুয়ারি) ত্রিশালের ‘আসপাড়া পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশনে’র কনফারেন্স হলে অনুষ্ঠিত এই কর্মশালা পরিচালনা করেন সিপিজের কমিউনিকেশন্স কনসালটেন্ট একরাম হোসাইন।

কর্মশালায় বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা তাদের আপন জীবনের ছবি আঁকা ও গল্প লেখন এবং তাদের নিজেদের অভিজ্ঞতা, অর্জন ও ব্যর্থতা-পর্যালোচনাগুলো কীভাবে জীবন নদীর আলোকে আঁকা ও লেখার নানা কৌশল রপ্ত করেন। পাশাপাশি জীবনের গল্প আঁকা ও লেখার নানা সমস্যা চিহ্নিত করে এবং সমাধানের জন্য সৃষ্টিশীল ও বাস্তবসম্মত জ্ঞান আহরণের সুযোগ পায় তারা।

কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের আঁকা ছবি ও লেখা গল্প ইউএন ওমেনের বিশেষ পাবলিকেশনের ফটো গ্যালারিতে স্থান পাবে বলে জানান সিপিজের প্রোগ্রাম অফিসার জিয়া উদ্দিন।